



বিশ্ব শান্তি জোরদারকরণ এবং ক্ষুধা ও দারিদ্র্য সকল প্রকার বৈষম্যের অবসান ঘটিয়ে সারা বিশ্বের মানুষের শান্তি, সমৃদ্ধি ও টেকসই উন্নয়ন নিশ্চিতকরণে জাতিসংঘের সাধারণ পরিষদের ৭০ তম অধিবেশনে ‘টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০’ (এসডিজি) গৃহীত হয়। এটি এমন একটি কর্মপরিকল্পনা যেখানে ভবিষ্যত প্রজন্মের চাহিদা মেটানোর লক্ষ্যে একটি দীর্ঘমেয়াদী উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়। বর্তমানে এসডিজিতে ১৭টি লক্ষ্যমাত্রাসহ মোট ১৬৯ টি লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। বাংলাদেশ গত বিশ বছরে দারিদ্র্য বিমোচন, নারীশিক্ষার উন্নয়ন, স্বাস্থ্য খাতে উন্নয়ন, খাদ্য নিরাপত্তা তথা এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে ইন্দোনেশীয় সাফল্য অর্জন করেছে। এই লক্ষ্য পূরণে আর্থিক তথা ব্যাংকিং খাতের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। একটি জনকল্যাণমূলক রাষ্ট্র প্রতিষ্ঠায় ব্যাংকিং খাতের দায়বদ্ধতা অপরিসীম। এই দায়বদ্ধতা থেকেই টেকসই ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা বর্তমান সময়ে ব্যাংকগুলোর মূল লক্ষ্য। একটি টেকসই ব্যাংক প্রতিষ্ঠার জন্য অন্তর্ভুক্তিমূলক এবং পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রম পরিচালনার বিকল্প নেই।

সাম্প্রতিক সময়গুলোতে বাংলাদেশ ব্যাংক ‘Sustainable Finance Policy’ প্রণয়ন এবং বেশকিছু পুনঃঅর্থায়ন ক্ষীম চালুকরনের মাধ্যমে সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে দিক-নির্দেশনা প্রদানের নেতৃত্ব ভূমিকা পালন করে আসছে। অগ্রণী ব্যাংক লিমিটেড ২০১১ সালে প্রণীত বাংলাদেশ ব্যাংকের পলিসি গাইড লাইন অনুযায়ী একটি গ্রীণ ব্যাংকিং ইউনিট গঠনের মাধ্যমে গ্রীণ ব্যাংকিং কার্যক্রম শুরু করে। পরবর্তীতে বিষয়টির গুরুত্ব বিবেচনা করে ২০১৩ সালে অগ্রণী ব্যাংক লিমিটেড এর পরিচালনা পর্ষদ উক্ত ইউনিটকে পূর্ণস্বত্ত্বে আলাদা গ্রীণ ব্যাংকিং ডিভিশনে উন্নীত করেন। গ্রীণ ব্যাংকিং ডিভিশন ২৬ ফেব্রুয়ারী, ২০১৭ সালে সাসটেইনেবল ফাইন্যান্স ডিভিশন হিসেবে আত্মপ্রকাশ করে। সাসটেইনেবল ফাইন্যান্স ডিভিশন হতে পরিবেশ বান্ধব ও টেকসই অর্থায়ন এর গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে অত্র ব্যাংকের সকল সার্কেল, অঞ্চল, কর্পোরেট শাখা ও শাখাসমূহকে দিক নির্দেশনা প্রদান করে আসছে। অগ্রণী ব্যাংক লিমিটেড সোলার সিস্টেম, বায়োগ্যাস স্থাপন, হাইব্রিড হফম্যান কিন ও টানেল কিলন প্রযুক্তিসম্পন্ন ইট ভাটার প্রকল্প, উন্নত প্রযুক্তিসম্পন্ন অটো রাইস মিল, পুনঃব্যবহারযোগ্য দ্রব্যাদি, কর্মপরিবেশ উন্নয়ন, ইকো টুরিসম প্রজেক্ট, গ্রীণ ইন্ডস্ট্রিসহ বিভিন্ন পরিবেশবান্ধব প্রকল্পে বিনিয়োগে অগ্রাধিকার প্রদান করে আসছে।

একটি টেকসই ব্যাংক হিসেবে ২০২০ সালে অগ্রণী ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রবর্তিত Methodology for Sustainable Rating of Banks and Financial Institutions অনুসারে Sustainable Rating এ ‘Fair’ Grading প্রাপ্ত হয়। বর্তমানে অগ্রণী ব্যাংক লিমিটেডের সাসটেইনেবল ফাইন্যান্স ডিভিশন গ্রীণ ব্যাংকিং, সিএসআর কার্যক্রম, ডে-কেয়ার ব্যবস্থাপনা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক কার্যক্রম সম্পাদন করেছে।